

ওরাকল ডিবিএ শিখুন

(পূর্ব প্রকাশিতের পর : পর্ব-১০)



বিষয় : Database Archiving (Online)

বন্ধুরা, আশা করি ভালই আছেন। গত সংখ্যা (পর্ব-৯) পর্যন্ত মোটামুটি Architecture and Administration-এর মূল বিষয়গুলো তুলে ধরা হয়েছে।

মনে করে দেখুন প্রথম পর্বে গাইড লাইন দেওয়া ছিল পর্যায়ক্রমে কীভাবে সিরিজগুলো লেখা হবে। সে অনুযায়ী এবারের ২য় অধ্যায় হচ্ছে Backup and Recovery.

এই পর্বের আলোচনা Oracle Server-এর জন্য খুবই গুরুত্বপূর্ণ। যা Oracle এর Disaster Management কিংবা Risk Recovery এর জন্য ব্যবহার করা হয়। অতএব নিয়মিত কমপিউটার বিচিত্রা পড়ুন এবং Commandগুলো ঠিকমতো অনুশীলন করুন। দেখবেন Oracle database অনেকটা আপনার হাতের নাগালে। এবার তাহলে শুরু করা

ORACLE

যাক -

Step-1: প্রথমে দেখতে হবে Oracle Server এর আর্কাইভ স্ট্যাটাস Online বা চালু আছে কিনা। এজন্য Command দিতে হবে-

SQL>archive log list; ধরা হলো এ অবস্থায় archive mode বন্ধ আছে, সুতরাং চালু করতে হবে।

Step-2: Archive modeকে Online করতে হলে প্রথমে Oracle Server Shutdown করতে হবে। এজন্য প্রয়োজনীয় Command হচ্ছে-

SQL>Shutdown immediate;

Step-3: আপনার কমপিউটারের হার্ডড্রাইভে ফোল্ডার তৈরি করুন, c:\oracle\archive

Step-4: গুরুত্বপূর্ণ কাজ হচ্ছে Oracle Server এর প্যারামিটার ফাইল Notepad-এর সাহায্যে INIT.ORA ওপেন করুন এবং নিচের Commandগুলো লক্ষ্য করুন-

নম্বর চিহ্নটি পর্যায়ক্রমে মুছে ফেলুন

যথাক্রমে

log_archive_start=true

log_archive_dest_1=

"location"="c:\oracle\archive"

log_archive_format=% archive % T %
TS % S.ARC

Step-5: এখন Oracle Server পুনরায় চালু করার জন্য পরিচিত Command

SQL>Startup mount pfile = c:\oracle\init.ora দিয়ে Oracle Server Online অবস্থায় তৈরি হয়েছে।

Step-6: খুবই গুরুত্বপূর্ণ Command হচ্ছে।

SQL> alter database archivelog; অর্থাৎ Oracle databaseকে archive mode এর তৈরি করা হলো।

Step-7: এখন দেখা যাক Folder Pathটি যা c:\archive তৈরি করা হয়েছে। সেটি Oracle Server চিনতে পারছে কিনা অর্থাৎ

SQL>archive log list; Oracle এর archive mode Enable হয়েছে এবং আপনার দেওয়া Path c:\oracle\archive চিনতে পারছে। সবশেষে Check করা যাক archive stopped নাকি Started অবস্থায় আছে।

সেই Commandটি হচ্ছে-

Step-8: SQL>Select archiver from v\$Instance;
ARCHIVE
output দেখা যাবে STARTED

এখন ওরাকল সার্ভারের যেকোনো Activities এর পর দেখা যাবে Automatic ভাবে c:\oracle\archive folder এর archive ফাইলগুলো তৈরি হতে থাকবে। যেকোনো database এর সমস্যায় Data recovery করার সময় এই Archive ফাইলগুলো প্রয়োজন হতে পারে। সময় পেলে ডিজিট করুন www.catvalley.4mg.com।

(চমকে)